


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়
কুষ্টিয়া।

স্মারক নং- ৩৮.০০১.০১৮.০২.২০১.০০৪.১৭-৫০৬/১৫

তারিখঃ ১৬/০৮/২০১৭ খ্রিঃ

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত কাগজ ব্যবসায়ী ও পেপাল মিল মালিকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, কুষ্টিয়ার গুদাম ও অত্র জেলার ২০১৫ শিক্ষাবর্ষের ৩টি উপজেলা (দৌলতপুর, ভেড়ামারা ও মিরপুর) ও ২০১৬ শিক্ষাবর্ষের ৬টি উপজেলা শিক্ষা অফিসের গুদামে রক্ষিত আনুমানিক ১১৭৩৬ (এগার হাজার সাতশত ছত্রিশ) কেজি পুরাতন/ অব্যবহারযোগ্য প্রাথমিক স্তরের পাঠ্যপুস্তক নিলামে বিক্রয়ের নিমিত্তে সিলমোহর ও স্বাক্ষরযুক্ত দরপত্র আহবান করা যাচ্ছে। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ২৮/০৮/২০১৭ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে দরপত্র সিডিউল নগদ (অফেরতযোগ্য) ৫০০/- টাকা মূল্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে ক্রয় করা যাবে। দরপত্র সমূহ ২৯/০৮/২০১৭ খ্রিঃ দুপুর ১২:০০ টা পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয় (শিক্ষা শাখা) ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুষ্টিয়া অফিস কক্ষে রক্ষিত টেন্ডার বাস্তব জমা দেয়া যাবে। দরপত্রের সকল শর্তাবলী সিডিউলে উল্লেখ থাকবে। জেলা প্রশাসকের কার্যালয়ের নেজারত শাখায় আগামী ৩০/০৮/২০১৭ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) টেন্ডার বাস্তব খোলাসহ দরপত্রসমূহ বাছাই করা হবে। ৩১/০৮/২০১৭ তারিখ দুপুর ২:০০ ঘটিকায় অনুষ্ঠিত নিলাম কমিটির সভায় (নেজারত শাখায়) সর্বোচ্চ দরদাতা নির্বাচন করা হবে। কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ ও বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।


আনন্দ কিশোর সাহা
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
কুষ্টিয়া।

অনুলিপিঃ

- ১। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
দৃষ্টি আকর্ষণঃ জনাব নাশিদ কায়সার রিয়াদ, সহকারী কমিশনার(আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সদর/কুমারখালী/খোকসা/মিরপুর/ভেড়ামারা/দৌলতপুর, কুষ্টিয়া।
বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ।
- ৩। উপজেলা শিক্ষা অফিসার, সদর/কুমারখালী/খোকসা/মিরপুর/ভেড়ামারা/দৌলতপুর, কুষ্টিয়া।
বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ৪। সম্পাদক, দৈনিক সময়ের কাগজ, কুষ্টিয়া। আপনার পত্রিকায় নিলাম বিজ্ঞপ্তিটি প্রচারে জন্য অনুরোধ করা হলো।
- ৫। অফিস কপি।